আমেরিকার সঙ্গে উত্তেজনার মধ্যেই শক্তির জানান দিচ্ছে ইরান

পরমাণু কর্মসূচি ইস্যুতে বেশ কয়েক বছর ধরেই আমেরিকার সঙ্গে উত্তেজনা বিরাজ করছে ইরানের। এই ইস্যুতে ইরানের ওপর একের পর এক অর্থনৈতিক নিষেধাজ্ঞাও জারি করে আমেরিকা। এতে উত্তেজনা আরও বাড়তে থাকে। এর মধ্যেই সম্প্রতি ইরানের প্রধান পরমাণু বিজ্ঞানী হত্যাকাণ্ডের শিকার হলে উত্তেজনা চরমে পৌঁছে। ইরান ঘোষণা দেয়,পরমাণু কর্মসূচি জোড়দার করার।

আমেরিকার সঙ্গে তুমুল এই উত্তেজনার মধ্যেই এবার দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ও ড্রোনের পরীক্ষা চালিয়ে নিজেদের শক্তির জানান দিচ্ছে ইরানের এলিট ফোর্স বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)।

শনিবার ভারত মহাসাগরে এ পরীক্ষা চালায় দেশটি।
ইরানের বরাতে আল-জাজিরা জানিয়েছে, স্থল ও সমুদ্রে নির্দিষ্ট বস্তুতে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোনের পরীক্ষা চালিয়েছে ইরান। ট্রাম্প প্রশাসনের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যে গত দুই সপ্তাহের মধ্যে এটি চতুর্থবারের বড় সামরিক মহড়া।

দূরপাল্লার ক্ষেপণাস্ত্রগুলো এক হাজার ৮০০ কিলোমিটার দূর থেকে নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হেনে তা ধ্বংস করতে সক্ষম। ইরানের মধ্যাঞ্চল থেকে ছোড়ার পর ক্ষেপণাস্ত্রগুলো ভারত মহাসাগরের উত্তরাঞ্চলে অবস্থানরত লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে। ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী প্রধান মেজর জেনারেল হোসেইন সালামি বলেছেন, দূরপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সাহায্যে শত্রুর বিমানবাহী রণতরীসহ বিভিন্ন যুদ্ধজাহাজ ধ্বংসের সক্ষমতা বাড়ানো হয়েছে।

‘বর্তমানে সাগরে যুদ্ধের প্রচলিত কৌশলটি হল কম গতিসম্পন্ন ক্রুজ ক্ষেপণাস্ত্র দিয়ে চলমান লক্ষ্যবস্তুকে আঘাত করা। কিন্তু আমরা দূরপাল্লার ক্ষেপণাস্ত্র দিয়েও সাগরে শত্রুর চলমান নৌযান ধ্বংসের সক্ষমতা বৃদ্ধি করেছি, এমনটাই জানান তিনি আইআরজিসির প্রধান।

গত বুধবার ও বৃহস্পতিবারও ওমান উপসাগরে সামরিক মহড়া চালায় নৌবাহিনী। অপরদিকে সেনাবাহিনীর ড্রোন মহড়া চালানো হয়েছে ৫ ও ৬ জানুয়ারি।

ধারাবাহিক মহড়া ও নতুন নতুন সামরিক সরঞ্জাম সফল পরীক্ষা চালানোর মধ্য দিয়ে নিজেদের শক্তির জানান দিচ্ছে ইরান।

এদিকে, ইরানের ছোঁড়া দীর্ঘপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র মার্কিন বিমানবাহী রণতরী ইউএসএস নিমিৎজের অবস্থানের ১০০ মাইলের মধ্যে পড়েছে বলে জানিয়েছে মার্কিন টেলিভিশন চ্যানেল ফক্স নিউজ।

মার্কিন একটি অজ্ঞাত সূত্রের বরাত দিয়ে টেলিভিশন চ্যানেলটি বলেছে, ইরানের ক্ষেপণাস্ত্র ভারত মহাসাগরের যেখানে পড়েছে তার ২০ মাইল দূরে একটি বাণিজ্যিক জাহাজও ছিল।

টেলিভিশনের খবরে দাবি করা হয়েছে, ভারত মহাসাগরের ওই এলাকায় অন্তত দুটি ক্ষেপণাস্ত্র আঘাত হানে এবং তাতে মারাত্মক রকমের বিস্ফোরণ হয়। ক্ষেপণাস্ত্রগুলো বিস্ফোরণের পর আশপাশের বিস্তীর্ণ এলাকাজুড়ে তার টুকরো ছড়িয়ে পড়ে। মার্কিন একজন সরকারি কর্মকর্তা দাবি করেন, “ক্ষেপণাস্ত্র ছোঁড়া হবে বিষয়টি আমরা ধারণা করছিলাম।”

মেঘালয় সীমান্তে বিজিবির গুলিতে মৃত্যুর প্রতিবাদে ক্ষুব্ধ মেঘালয়ের গ্রাম

ভারতের সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে বাংলাদেশি নাগরিকদের মৃত্যুর পর সেখানে সীমান্তবর্তী গ্রামগুলোতে নিহতদের পরিবারে শোকের মাতম গত কয়েক বছরে বেশ পরিচিত দৃশ্য হয়ে উঠেছে।

কিন্তু গত দিন দশ-বারো ধরে এর একেবারে উল্টো ছবি ঘটতে দেখা যাচ্ছে মেঘালয় সীমান্তে সাউথ গারো হিলস জেলায় – যেখানে বিজিবির গুলিতে সীমান্তে একজন ভারতীয় নাগরিকের মৃত্যুর পর স্থানীয়

গ্রামবাসীরা ক্ষোভে ফেটে পড়ছেন।

মেঘালয়ের পুলিশ ও প্রশাসন বিবিসিকে জানিয়েছে, নিহত ব্যক্তিকে মাদক চোরাকারবারি বলে চিহ্নিত করার চেষ্টা হলেও তার আদৌ কোনও অপরাধের রেকর্ড ছিল না।
দুদেশের সীমান্তরক্ষীদের মধ্যে আলোচনার মাধ্যমে এখন এই হত্যাকাণ্ডের প্রতিকারের চেষ্টা চলছে।

বাংলাদেশ সীমান্তবর্তী মেঘালয়ের রাসনগর গ্রামের বাসিন্দা, ৪৮ বছর বয়সী থেডিয়ান জি মোমিনের গুলিবিদ্ধ মরদেহ সীমান্তের কাছে বাংলাদেশের দিক ঘেঁষে পড়ে থাকতে দেখা গিয়েছিল গত ২৯ ডিসেম্বর সকালে।

সূত্র: বিবিসি বাংলা

বিদায়বেলায় চীনকে ধাক্কা ট্রাম্প প্রশাসনের

বিদায়বেলায় ফের চীনকে ধাক্কা দিল ট্রাম্প প্রশাসন। শুক্রবার হংকংয়ে বেইজিংয়ের দমননীতির প্রতিবাদে ছয় চীনা কর্মরর্তার ওপর নিষেধাজ্ঞা জারি করল আমেরিকা।

এক বিবৃতিতে মার্কিন পররাষ্ট্র দফতর জানিয়েছে, জানুয়ারি মাসের ৬ তারিখ প্রায় ৫০ জন মানুষকে গ্রেফতার করেছে হংকং পুলিশ। গণতন্ত্রকামী রাজনীতিবিদ ও সমাজকর্মীদের নিশানা করছে চীন। হংকং আইনসভার নির্বাচনে কারচুপি রোখার জন্য চেষ্টা চালিয়ে যাওয়ায় তাদের বিতর্কিত জাতীয় নিরাপত্তা আইনে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে হংকং আইনসভার ১৩ জন সাবেক সদস্য ও এক মার্কিন আইনজীবীও রয়েছেন।

মার্কিন পররাষ্ট্র দফতর আরও জানিয়েছে, এমন অগণতান্ত্রিক কাজে জড়িত থাকার জন্য হংকং প্রশাসন ও চীনের ছয় কর্মকর্তার ওপর ভ্রমণ ও অর্থনৈতিক নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই তালিকায় সব থেকে

উল্লেখযোগ্য নাম হচ্ছে সান ওয়েনকিং। হংকং স্বশাসিত প্রদেশের জাতীয় নিরাপত্তা দফতরের ডেপুটি ডিরেক্টর তিনি। এর আগেও বেইজিংয়ের নির্দেশে গণতন্ত্রের সমর্থকদের বিরুদ্ধে অত্যাচার চালানোর অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। সম্প্রতি শাওমি-সহ একাধিক চীনা সংস্থার সঙ্গে ব্যবসায়িক লেনদেনেও নিষেধাজ্ঞা জারি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

পাশাপাশি সে দেশের তেল সংস্থা ‘চায়না ন্যাশনাল অফশোর অয়েল করপোরেশন’–এর ওপরও নিষেধাজ্ঞা বসানো হয়েছে, যাতে আমেরিকার কোনও সংস্থা বা ব্যবসায়ী তাদের সঙ্গে ব্যবসায়িক লেনদেনে যুক্ত হতে না পারে। এর পাশাপাশি আরও ৯টি চীনা সংস্থার ওপর নিষেধাজ্ঞা বসিয়েছে পেন্টাগন।

উল্লেখ্য, ২০১৯ সালে আন্তর্জাতিক মঞ্চের প্রতিবাদ হেলায় উড়িয়ে হংকং নিয়ে বিতর্কিত জাতীয় নিরাপত্তা বিল পাশ করে চীন। বিতর্ক উপেক্ষা করেই ‘ন্যাশনাল সিকিউরিটি লেজিসলেশন ফর হংকং’ শীর্ষক বিলটিতে সই করেন চীনা প্রেসিডেন্ট শি জিনপিং। এর ফলে স্বায়ত্বশাসিত প্রদেশটির ওপর বেইজিংয়ের রাশ আরও মজবুত হয়েছে। তারপরই চীনের ওপর চাপ বাড়িয়ে হংকংয়ের ৩০ লাখ বাসিন্দাকে নাগরিকত্ব দেওয়ার কথা ঘোষণা করে ব্রিটেন।

শুধু তাই নয়, সদ্য হংকংয়ের ‘চিনপন্থী’ প্রশাসক ক্যারি লাম-সহ ১০ জন উচ্চপদস্থ চীনা কর্মকর্তার ওপর ভ্রমণ ও আর্থিক বিষয় সংক্রান্ত নিষেধাজ্ঞা চাপায় ওয়াশিংটন। হংকংয়ের স্বায়ত্তশাসনের অধিকার ক্ষুণ্ণ করে নিপীড়ন চালাচ্ছে বেইজিং যার জেরে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলেও জানিয়েছিল ট্রাম্প প্রশাসন।

ইন্দোনেশিয়ায় ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ২৬

ইন্দোনেশিয়ায় ভূমিকম্পের আঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৬ জনে দাঁড়িয়েছে। এতে আহত হয়েছেন শতাধিক মানুষ।

স্থানীয় সময় শুক্রবার ভোরে সুলাওসি দ্বীপে ৬.২ মাত্রার ভূমিকম্প আঘাত হানে। ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হয়েছে বেশ কয়েকটি ভবন। এ সময় আতঙ্কিত বাসিন্দারা নিরাপদ এলাকায় সরে গেছে।

ভূমিকম্পের উৎস সুলাওসি দ্বীপের মাজেনি শহরের ৬ কিলোমিটার (৩ দশমিক ৭৩ মাইল) উত্তর-পূর্বে ১০ কিলোমিটার গভীরে। ভূমিকম্পটি ৭ সেকেন্ড স্থায়ী হয়। তবে সুনামি হওয়ার আশঙ্কা নেই। এ ব্যাপারে কোনো সতর্কতা জারি করা হয়নি। যদি আরও শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে তাহলে সুনামির ব্যাপারে সতর্ক করা হবে।

চীন ও পাকিস্তানকে দমাতে এবার সর্বোচ্চ প্রতিরক্ষা চুক্তি ভারতের

ভারত ক্রমশ তাদের সামরিক বরাদ্দ বাড়াচ্ছে। ইতিমধ্যে বিশ্বের অন্যান্য দেশকে পিছনে ফেলে সামরিক খরচে এগিয়ে যাচ্ছে দেশটি। এবার সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি অত্যাধুনিক ৮৩টি তেজস যুদ্ধবিমান পেতে চলেছে ভারতীয় বিমানবাহিনী।

নতুন যুদ্ধবিমান গুলো কেনার সর্বোচ্চ প্রতিরক্ষা চুক্তি প্রস্তাবে বুধবার সম্মতি জানিয়েছে দেশটির প্রতিরক্ষা সংক্রান্ত ক্যাবিনেট কমিটি। সীমান্তে আগ্রাসী চীন ও পাকিস্তানকে নজরে রাখতে বিমান বাহিনীর তেজস যুদ্ধবিমান অত্যন্ত কার্যকরী হবে বলে জানা গেছে।

ইন্ডিয়ান এক্সপ্রেস জানিয়েছে, হিন্দুস্তান অ্যারোনটিকস লিমিটেডের বা হ্যাল কাছ থেকে তেজস যুদ্ধবিমান কিনতে চলেছে ভারতের বিমান বাহিনী। এ জন্য মোট ৪৮ হাজার কোটি রুপি চুক্তি চূড়ান্ত হয়েছে। দেশীয় বাজারে এটাই সবচেয়ে বড় প্রতিরক্ষা চুক্তি।

এই চুক্তির জন্য প্রথমিকভবে ৫৬ হাজার ৫০০ কোটি রুপি দাবি করেছিল হ্যাল। প্রায় এক বছর ধরে বিমান বাহিনীর সঙ্গে হ্যাল কর্তৃপক্ষের

দরকষাকষির পর রফা হয় ৪৮ হাজার কোটিতে।

যুক্তরাজ্যে করোনার ভয়াবহ তাণ্ডব, একদিনে মৃত্যুর সর্বোচ্চ রেকর্ড

যুক্তরাজ্যে ভয়ঙ্কর রূপ নিয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। গত ২৪ ঘণ্টায় (বুধবার) দেশটিতে এই ভাইরাসে আক্রান্ত হয়ে ১ হাজার ৫৬৪ জনের মৃত্যু হয়েছে।

গত বছরের মার্চে করোনাভাইরাস মহামারী শুরুর পর এই প্রথম দেশটিতে একদিনে দেড় হাজার মৃত্যু অতিক্রম করল। যুক্তরাজ্যের স্বাস্থ্য বিভাগ এই তথ্য নিশ্চিত করেছে। খবর আল-জাজিরার।

এই নিয়ে দেশটিতে করোনাভাইরাসে মোট মৃত্যু দাঁড়াল ৮৪ হাজার ৭৬৭ জনে।

গত ২৪ ঘণ্টায় দেশটিতে নতুন করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে ৪৭ হাজার ৫২৫ জন। এ নিয়ে দেশটিতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩২ লাখ ১১ হাজার ৫৭৬ জনে।

ইন্দোনেশিয়ার বিমানটি সাগরে আছড়ে পড়ার পর সম্ভবত ভেঙে যায়

জাভা সাগরে বিধ্বস্ত ইন্দোনেশিয়ার শ্রীজয়া এয়ার বোয়িং ৭৩৭ যাত্রীবাহী বিমানটির অনুসন্ধানের কাজ চলছে। বিমানের সন্ধান না মিললেও সাগরের এখানে-সেখানে ভেসে উঠছে দেহাবশেষ, জামাকাপড় ও লাইফ

জ্যাকেটসহ নানা জিনিসপত্র। স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, বিমানের কোনো আরোহীর জীবিত থাকার সম্ভাবনা একেবারেই ক্ষীণ।

সাগর থেকে যেসব ধ্বংসাবশেষ পাওয়া গেছে, সেগুলোর ওপর ভিত্তি করে তদন্তকারীরা মনে করছেন- বিধ্বস্ত বিমানটি সম্ভবত সাগরে আছড়ে পড়ার পর ভেঙে যায়।

ইন্দোনেশিয়ার জাতীয় পরিবহন নিরাপত্তা কমিটির একজন তদন্তকারী নুরকায়হো উতোমো ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন, বিমানটি সাগরে আছড়ে পড়ে ছিন্নবিচ্ছিন্ন হয়ে যায়।

সড়ক দুর্ঘটনায় ভারতের কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর স্ত্রী নিহত, শঙ্কায় প্রতিমন্ত্রী

সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন ভারতের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী যশো নায়েকের স্ত্রী ও তার সহায়ক। প্রতিমন্ত্রীর অবস্থাও সংকটজনক। পুলিশ জানিয়েছে, কর্ণাটকের কোল্লুর থেকে ফেরার পথে সোমবার সন্ধ্যা ৭টার দিকে উত্তর কন্নড় জেলায় আঙ্কোলায় এ দুর্ঘটনা ঘটে। গাড়িতে ছিলেন প্রতিমন্ত্রীর পরিবারের সদস্যরা।

সোমবার সকালে ইল্লেপুরে পূজা দেওয়ার জন্য রওনা দিয়েছিলেন প্রতিমন্ত্রীসহ তার পরিবারের সদস্যরা। গোকর্ণ যাওয়ার জন্য ৬৩ নম্বর জাতীয় সড়ক থেকে একটি রাস্তায় তাদের গাড়ি ঘোরানো হয়। কিন্তু রাস্তা খারাপ থাকার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় গাড়ি।

দুর্ঘটনার পর স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয় তাদের। এরপর নিয়ে যাওয়া হয় গোয়ার একটি হাসপাতালে। সেখানে প্রতিমন্ত্রীর স্ত্রী বিজয়াকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা।

কেন্দ্রীয় আয়ূষ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী তথা উত্তর গোয়ার সাংসদ শ্রীপাদ নায়েক। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর অবস্থা সংকটজনক। দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে গাড়িটি। দুমড়ে-মুচড়ে যায় গাড়ির সিংহগভাগ অংশ। প্রাথমিকভাবে পুলিশ জানিয়েছে, গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ।

পুরো ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রতিমন্ত্রীর চিকিৎসার জন্য গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সবন্তকে সবরকম ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। আর তার স্ত্রীর মৃত্যুতে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবালসহ অনেকেই শোক প্রকাশ করেছেন। টুইটারে কেজরিবাল লিখেছেন, দুর্ঘটনায় বিজয়া নায়েকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি। নায়েকের দ্রুত আরোগ্য কামনা করি। তাকে এবং তার পরিবারকে শক্তি দিন ঈশ্বর।’

সূত্র: এবিপি লাইভ

৫০ বছরে সবচেয়ে বেশি তুষারপাতে বিপর্যস্ত স্পেন

গত ৫০ বছরের মধ্যে সবচেয়ে বেশি তুষারপাতে বিপর্যস্ত স্পেন। তুষার ঝড় ফিলোমেনার কবলে পড়ে তুষারে ঢেকে গেছে দেশটির অর্ধেকের বেশি অংশ। মাদ্রিদের তাপমাত্রা মাইনাস ১৪ ডিগ্রিতে নামার আশঙ্কা প্রকাশ করেছে দেশটির আবহাওয়া অফিস। খবর আল জাজিরা’র।

মাদ্রিদে তুষার-ঝড় ফিলোমেনার কারণে গত ৫০ বছরের মধ্যে সবচেয়ে বেশি তুষারপাত হয়েছে। স্পেনের প্রায় ২০ হাজার কিলোমিটার সড়ক এখন বরফের পুরু আস্তরের নিচে। কোনো কোনো জায়গায় ৪০ সেন্টিমিটার পর্যন্ত বরফ জমেছে। রাস্তাঘাটে আটকা পড়েছে যানবাহন, যেখানে খাবার ও পানি ছাড়া প্রায় ১২ ঘণ্টা ধরে আটকে রয়েছে অনেকে।

এখন পর্যন্ত প্রায় ৫শ’ সড়কে আটকে পড়া দেড় হাজারের বেশি মানুষকে উদ্ধার করেছে দেশটির সেনাবাহিনী। বন্ধ ঘোষণা করা হয়েছে মাদ্রিদ বিমানবন্দর।

এদিকে ব্যাপক তুষারপাতে সড়ক ও ট্রেন বন্ধ থাকায় ঘণ্টার পর ঘণ্টা পায়ে হেঁটে কর্মস্থলে যেতে হচ্ছে দেশটির নাগরিকদের। পাশাপাশি ব্যাহত হচ্ছে চলমান মহামারী করোনা ভাইরাসের ভ্যাকসিন সরবরাহের কাজও।

এ সপ্তাহেই মাদ্রিদের তাপমাত্রা মাইনাস ১৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া বিভাগ। এছাড়া আগামী ২৪ ঘণ্টায় টানা তুষারপাতের কারণে পরিস্থিতি আরও খারাপ হওয়ার আশঙ্কা করা হচ্ছে। দেশটির অন্তত দশটি প্রদেশে এরই মধ্যে জারি করা হয়েছে সর্বোচ্চ সতর্কতা।

ট্রাম্পকে অভিশংসনে ভোটের প্রস্তুতি

গত সপ্তাহে ডোনাল্ড ট্রাম্পের সমর্থকরা যেভাবে সহিংসতা চালিয়েছে এবং মার্কিন গণতন্ত্রের প্রতীক বলে পরিচিত ক্যাপিটল হিলের ভেতরে তাণ্ডবে লিপ্ত হয়েছে, তাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অভিশংসনের দাবি উঠেছে।

আগামীকাল মঙ্গলবারের মধ্যেই এ নিয়ে ভোট হয়ে যেতে পারে বলে জানিয়েছেন হাউজ অব রেপ্রেজেন্টেটিভস-এর হুইপ জেমস ক্লাইবার্ন।

যদিও জানুয়ারির ২০ তারিখ মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্পের শেষ দিন।
তার বিরুদ্ধে উন্মত্ত জনতাকে ‘অভ্যুত্থানে প্ররোচনা’ দেওয়ার অভিযোগ আনার পরিকল্পনা করছেন ডেমোক্র্যাটরা।

যদি অভিশংসন প্রক্রিয়া পরিকল্পনা মাফিক এগোয় তাহলে ট্রাম্প হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে দুইবার অভিশংসন হওয়া একমাত্র প্রেসিডেন্ট।

সেজন্য অভিশংসন অভিযোগ হাউজে ভোটে পাস হতে হবে।

তারপর বিষয়টি সিনেটে যাবে যেখানে প্রেসিডেন্টকে অপসারণ করতে দুই

তৃতীয়াংশ ভোট দরকার হবে।

শুধু ডেমোক্র্যাট নয় এমনকি রিপাবলিকানদের অনেকেই তার বিরুদ্ধে সেদিন সমর্থকদের উস্কে দেওয়ার অভিযোগ করছেন।

রিপাবলিকান সেনেটর প্যাট টুমি ট্রাম্পের পদত্যাগ দাবি করেছেন।

তিনি বলেছেন, “আমার মনে হয় দেশের জন্য এখন সবচেয়ে ভাল হবে যদি ডোনাল্ড ট্রাম্প পদত্যাগ করে দ্রুত বিদায় নেন।”

“আমি জানি তা হয়ত হবে না। কিন্তু এটা হলেই ভাল হতো।”

এর আগে আলাস্কার রিপাবলিকান সিনেটর লিসা মারকাউস্কি প্রথম ট্রাম্পের পদত্যাগ দাবি করেছিলেন।

নেব্রাস্কার রিপাবলিকান সিনেটর বেন স্যাসেও ট্রাম্পের অভিশংসন নিয়ে কথা বলেছেন।

আরও এক রিপাবলিকান, ক্যালিফোর্নিয়ার সাবেক গভর্নর আর্নল্ড সোয়ার্জিনেগার ডোনাল্ড ট্রাম্পকে ‘সবচেয়ে জঘন্য প্রেসিডেন্ট’ হিসেবে উল্লেখ করেছেন।

তবে রিপাবলিকানদের কেউ তার বিরুদ্ধে ভোট দেবেন এমন ইঙ্গিত দেননি।

ডোনাল্ড ট্রাম্প তার প্রিয় সামাজিক যোগাযোগের মাধ্যম টুইটারে নিষিদ্ধ হওয়ার পর থেকে প্রকাশ্যে কোনও মন্তব্য করেননি।

তবে রবিবার হোয়াইট হাউজ থেকে জানানো হয়েছে মঙ্গলবার ট্রাম্প টেক্সাসে যাবেন মেক্সিকোর সাথে সীমান্তে যে দেয়াল তোলা হচ্ছে তার কাজ পরিদর্শন করতে।

তার প্রশাসন কি কাজ করেছে সেটি তুলে ধরতে চান তিনি।

হোয়াইট হাউজের পক্ষ থেকে অভিশংসনের উদ্যোগকে রাজনৈতিক চাল বলে উল্লেখ করে বলা হয়েছে, এতে দেশের মধ্যে বিভাজন আরও বৃদ্ধি পাবে।

ওদিকে দাঙ্গার দিন কয়েকজন পুলিশের বিরুদ্ধে সাদা পোশাকে সেদিনকার র্যালিতে অংশ নেওয়ার অভিযোগ ওঠার পর তা তদন্ত শুরু হয়েছে। তাদেরকে আপাতত কাজ থেকে বিরত রাখা হয়েছে।